জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

জেলা- সুনামগঞ্জ

পরিকল্পনা প্রণয়নে

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সুনামগঞ্জ

সমন্বয়ে

VARD ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড)

আগষ্ট ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people

European Union

NORWEGIAN EMBASSY

SWEDEN

Australian Aid

UN DP Empowered lives. Resilient nations.

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

সুনামগঞ্জ জেলা

২০১৪

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

সুনামগঞ্জ

বাণী

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ হাওরবেষ্টিত নিচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। কিন্তু প্রতিবছর আগাম বন্যাসহ বিবিধ প্রাকৃতিক দুর্যোগ দ্বারা সুনামগঞ্জের প্রাণ সোনালী ধান ক্ষতিগ্রস্ত হয়ে থাকে। ফলে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যাহত হয়। সুনামগঞ্জের উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল আগাম বন্যা, মৌসুমী বন্যা, বজ্রপাত, নদীভাঙ্গন, কালবৈশাখী ঝড়, আর্সেনিক দূষণ ইত্যাদি উল্লেখযোগ্য।

সুনামগঞ্জের প্রতিটি উপজেলায় প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যাহত হয়। এই জেলাটি প্রতিবছর দুর্যোগে পতিত হলেও জেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। ভার্ড অত্র জেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে এবং এই প্রকল্পের আওতায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করেছে জেনে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।

উক্ত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সংশ্লিষ্ট জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে প্রত্যন্ত গ্রাম অঞ্চলের লক্ষিত জনগোষ্ঠীর সম্পৃক্ততায় তৈরি, যার ফলে জেলার দুর্যোগের সঠিক চিত্র তুলে আনার চেষ্টা করা হয়েছে যা দুর্যোগ ঝুঁকি হ্রাসে বিশেষ ভূমিকা রাখবে বলে আমি আশা করছি।

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।



শেখ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ও
চেয়ারপারসন
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ

বাণী

হাওরবেষ্টিত নীচু ভূমি ও সবুজে ঘেরা মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা সুনামগঞ্জ। প্রাকৃতিক দূর্যোগের সঙ্গে সখ্যতা গড়েই এই জেলার মানুষগুলো জীবন যাত্রার মান উন্নয়নের প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছে। প্রকৃতির অপরুপ সৌন্দর্যের গৌরব যেমন এই এলাকার মানুষগুলোকে আলাদাভাবে মর্যাদায় আসীন করেছে তেমনি প্রকৃতির রুঢ়তা এই জনপদের মানুষগুলোকে বারবার উন্নয়নের ধারা থেকে পিছনে ঠেলে দিয়েছে। প্রাচীন কালীধর সাগর নামে পরিচিত হাওড়বেষ্টিত সুনামগঞ্জ জেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া, এ জেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল মৌসুমী বন্যা, বজ্রপাত, নদীভাঙ্গন, কালবৈশাখী ঝড়, আর্সেনিক দূষণ ইত্যাদি। প্রাকৃতিক দূর্যোগসমূহ প্রায়শই ভয়াবহ আকারে আঘাত হেনে জানমাল ও সম্পদের ক্ষতি সাধন করে, যা শুধুমাত্র ব্যক্তি বা একটি সমাজের জনগোষ্ঠীকেই ক্ষতিগ্রস্ত করে না, জাতীয় আর্থনীতি ও সম্পদের অপূরণীয় ক্ষতি সাধন করে। দূর্যোগের ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ সর্বাগ্রে প্রয়োজন একটি সঠিক পরিকল্পনা।

এরই ধারাবাহিকায় ভার্ড সুনামগঞ্জ জেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের আওতায় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে স্থানীয় জনগোষ্ঠীকে সঙ্গে নিয়ে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করেছে। পরিকল্পনাটিতে যেসব তথ্য বিদ্যমান সেগুলো হল স্থানীয় এলাকা পরিচিতি- দূর্যোগের ইতিহাস, জনসংখ্যা, অবকাঠামো, দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা, দুর্যোগ ঝুঁকিহ্রাস-ঝুঁকির কারণ, ঝুঁকি নিরসনের উপায়, দুর্যোগ পূর্ব প্রস্তুতি, দুর্যোগকালীন প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী প্রস্তুতি, স্বাভাবিক সময়ে করণীয়, জরুরী সারা প্রদান, উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ইত্যাদি। ইহা অত্র জেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। সেই সাথে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

রাজিব আহমেদ
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	পৃষ্ঠা নং
১.১ পটভূমি	৬
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৬
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৬
১.৩.১ জেলার ভৌগলিক অবস্থান	৬
১.৩. ২ আয়তন	৭
১.৩.৩ জনসংখ্যা	১২
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য	১২
১.৪.১ অবকাঠামো	১২
১.৪.২ সামাজিক সম্পদ	১৩
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৯
১.৪.৪ অন্যান্য	১৯
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	২১
২.২ জেলার আপদসমুহ	২৩
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বর্ননা	২৩
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	৩৫
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	৩৭
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ	৩৭
২.৭ সামাজিক মানচিত্র	৩৯
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৩৯
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৪০
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৪২
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৪৪
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৪৪
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৪৯
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৬১
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৬১
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৬৩
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৬৫
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৬৫
৩.৪.২ দুর্যোগ কালীন	৭৩
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৭৫
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৭৭
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৭৯
৪.১.১ জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৭৯
৪.২ আপদকালীন পরিকল্পনা	৮০
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৮১
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৮১
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৮১
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান	৮১
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন	৮২
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৮২
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ	৮২
৪.২.৮ ত্রাণ কার্যক্রম সমন্বয় করা	৮২

৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৮২
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৮২
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৮২
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৮৩
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থানসমুহ ৮৩
৪.৩ জেলার নিরাপদ স্থানসমুহের তালিকা ও বর্ননা ৮৩
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৯৮
৪.৫ জেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ১১১
৪.৬ অর্থায়ন ১১১
৪.৭ কর্মপরিকল্পনা হালনাগাদকরণ ও পরীক্ষাকরণ ১১৫

পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ১১৭
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার ১২৭
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ১২৭
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ১২৭
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ১২৭
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ১২৭
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেকলিষ্ট ১২৮
সংযুক্তি ২ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ১২৯
সংযুক্তি ৩ উপজেলার স্বেচ্ছাসেবকদের তালিকা ১৩২
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ১৪৩
সংযুক্তি ৫ এক নজরে সুনামগঞ্জ জেলা ১৬১
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী ১৬২
সংযুক্তি ৭ সামাজিক মানচিত্র ১৬৩
সংযুক্তি ৮ ঝুঁকি মানচিত্র ১৬৪
সংযুক্তি ৯ নিরাপদ মানচিত্র ১৬৫
সংযুক্তি ১০ নদীসমূহের তালিকা ১৬৬
সংযুক্তি ১১ স্কুল, কলেজ ও মাদ্রাসার তালিকা ১৬৮
সংযুক্তি ১২ স্বাস্থ্য সেবাকেন্দ্রের তালিকা ২৩৯
সংযুক্তি ১৩ এক নজরে সুনামগঞ্জ জেলার সমবায় সমিতিসমূহের তথ্য ২৫৩
সংযুক্তি ১৪ জেলার জনপ্রতিধিদের তালিকা ২৫৪
সংযুক্তি ১৫ উপজেলাভিত্তিক ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা ২৫৫
সংযুক্তি ১৬ বাঁধের তালিকা ২৫৬
সংযুক্তি ১৭ স্লুইচগেট-এর তালিকা ২৬১
সংযুক্তি ১৮ প্রধান প্রধান হাওরের তালিকা ২৬৪
সংযুক্তি ১৯ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালার প্রতিবেদন ২৬৬
সংযুক্তি ২০ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বৈধকরণ সভার প্রতিবেদন ২৬৯

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও আপদকালীন পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠান ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হয়েছে।

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বাংলাদেশ পৃথিবীর একটি দুর্যোগপ্রবণ দেশ। দক্ষিণ এশিয়ার ব-দ্বীপ জুড়ে বাংলাদেশের অবস্থান। উত্তরে হিমালয়ের সুদীর্ঘ পর্বতমালা, দক্ষিণে ফানেল প্রকৃতির বঙ্গোপসাগর এবং ৬২% ভূমি বন্যাপ্রবণ হওয়ায় প্রাকৃতিক বিপর্যয়ের ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান অনেক ভঙ্গুর। দুর্যোগের কারণে মানুষের জীবন ও জীবিকা প্রতিনিয়ত হুমকির সম্মুখীন হচ্ছে। শুধুমাত্র ১৯৯১ সালে দক্ষিণাঞ্চলে ঘটে যাওয়া ঘূর্ণিঝড়ে প্রায় ২.৫ বিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ক্ষতি সাধিত হয় এবং ১ লক্ষ ৩৮ হাজারেরও বেশি লোক মারা যায়। বিগত একশত বছরে অর্ধশতাধিক প্রলয়ঙ্কারী ঘূর্ণিঝড় এদেশে আঘাত হেনেছে এবং গত পঞ্চাশ বছরে ৬০ টিরও বেশি বন্যা, ৬ টি মহাপ্লাবন হয়েছে। এতে বাংলাদেশের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগগুলির মধ্যে বন্যা, ঘূর্ণিঝড়, লবণাক্ততা, আর্সেনিক দুষন, খরা, টর্নেডো, কালবৈশাখী, ভূমিধস, নদীভাঙ্গন, ভূমিকম্প, অগ্নিকান্ড, শৈত্যপ্রবাহ, জলাবদ্ধতা, বজ্রঝড় ইত্যাদি উল্লেখযোগ্য। বাংলাদেশের প্রতিবছরই কোন না কোন দুর্যোগে আক্রান্ত হয়।

সুনামগঞ্জ হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। ‘মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ’ এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। কিন্তু প্রতিবছর আগাম বন্যাসহ বিবিধ প্রাকৃতিক আপদ দ্বারা সুনামগঞ্জের প্রাণ সোনালী ধান ক্ষতিগ্রস্ত হয়ে থাকে। অধিকাংশ ক্ষেত্রে জীবিকার বিকল্প কোন পথ না থাকায় সারা বছরব্যাপী সুনামগঞ্জের কৃষিজীবী মানুষের ঘরে ঘরে থাকে দুর্যোগের পদচিহ্ন। এছাড়া, অন্যান্য প্রাকৃতিক ও মানুষের তৈরি আপদের দ্বারা এ এলাকায় মানুষের জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি প্রায়শঃই হয়ে থাকে। ফলে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়। সুনামগঞ্জের উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল আগাম বন্যা, মৌসুমী বন্যা, বজ্রপাত, নদীভাঙ্গন, কালবৈশাখী ঝড়, আর্সেনিক দূষণ ইত্যাদি উল্লেখযোগ্য।

বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ জেলার ১১ টি উপজেলাই অত্যন্ত দুর্যোগ ঝুঁকি প্রবণ। আগাম বন্যা এই জেলার প্রধান দুর্যোগ। সুনামগঞ্জ জেলার প্রতিটি উপজেলায় প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এই জেলা প্রতিবছর দুর্যোগে পতিত হলেও জেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সুনামগঞ্জ জেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারির মাধ্যমে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ এবং ত্রাণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা ও নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

১.৩.১. জেলার ভৌগলিক অবস্থান:

সুনামগঞ্জ জেলাটি বাংলাদেশের উত্তর-পূর্বে অবস্থিত সিলেট বিভাগের অন্তর্গত হাওরবেষ্টিত একটি জেলা। জেলাটি বাংলাদেশের উত্তর-পূর্ব অঞ্চলে ২৪^{0}৩৪´ হতে ২৫^{0}১২´ উত্তর অক্ষাংশ এবং ৯০^{0}৫৬´ হতে ৯১^{0}৪৯´ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। এর উত্তরে ভারতের মেঘালয়, দক্ষিণে কিশোরগঞ্জ ও হবিগঞ্জ জেলা, পূর্বে সিলেট এবং পশ্চিমে নেত্রকোনা জেলা অবস্থিত। সিলেট বিভাগীয় শহর হতে

সুনামগঞ্জ জেলা শহরের দূরত্ব ৬৯ কিলোমিটার। সুনামগঞ্জ জেলা ৪টি ভূ-প্রাকৃতিক অঞ্চল নিয়ে গঠিত। এর মধ্যে উত্তর পূর্ব পাহাড়ি অঞ্চল ৭৫৯ হেক্টর, পাহাড়তলী ও পলল ভূমি ৭২১৯১ হেক্টর, সিলেট নিম্নাঞ্চল ২৮০৪৮৪ হেক্টর ও সুরমা কুশিয়ারা পলল ভূমি ২৫৭৮২ হেক্টর। এ জেলার মোট আয়তন ৩৭৪৭.১৮ বর্গ কিলোমিটার। এ জেলার অন্তর্গত মোট ১১ টি উপজেলা, ৮৭ টি ইউনিয়ন, ১৬২৯ টি মৌজা এবং ২৮৮৭ টি গ্রাম রয়েছে। এ জেলায় মোট ২৫ টি নদী, ১৩৩ টি খাল, ১৩৭৩.১০ কিলোমিটার বাঁধ এবং ৪০৩৩.৪৫ কিলোমিটার রাস্তা রয়েছে। জেলার মোট আয়তন ৩৭৪৭.১৮ বর্গ কিলোমিটার। এ জেলার মাটির প্রকৃতি দো-আঁশ বেলে দো-আঁশ এবং এটেল । জেলার বেশিরভাগ বসতভিটা এটেল মাটির এবং আবাদি জমি দো-আঁশ এবং বেলে দো-আঁশ মাটির যার উর্বরতা শক্তি বেশি। সেচের খাল ও পুকুর পাড়ের মাটি এটেল দো-আঁশ প্রকৃতির এবং রাস্তাঘাটের মাটির প্রকৃতি এটেল ও দো-আঁশ। এছাড়া, এ জেলার খনিজ সম্পদের মধ্যে রয়েছে প্রাকৃতিক গ্যাস। জেলায় ২ টি গ্যাসক্ষেত্র রয়েছে। এগুলো হল-টেংরাটিলা গ্যাসক্ষেত্র এবং সুনেত্র গ্যাসক্ষেত্র। গ্যাসক্ষেত্র ২ টি যথাক্রমে দেয়ারাবাজার ও ধর্মপাশা উপজেলায় অবস্থিত। **উৎসঃ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ।**

১.৩.২ আয়তন

সুনামগঞ্জ জেলার মোট আয়তন ৩৭৪৭.১৮ বর্গ কিলোমিটার। এ জেলার অন্তর্গত মোট ১১ টি উপজেলা, ৮৭ টি ইউনিয়ন, ১৬২৯ টি মৌজা এবং ২৮৮৭ টি গ্রাম রয়েছে।

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর	১০৪	রতনশ্রী, মনমতের কাড়া, অমৃতশ্রী, নিধিরচর, ইছবপুর, আহম্মদপুর, ডিব্রুঘাট, ইছারচর, সাফেলা, আহম্মদাবাদ, নিয়ামতপুর, শংকরপুর, উমেদশ্রী, নৌকাখালী, রহমতপুর, দঃ মনমতের চর, ইনাতনগর, গৌরারংবাদে, কামারটুক, হোসেনপুর, টুকেরগাঁত্ত, পুরাণ লক্ষণশ্রী, উঃ কুতুবপুর, অচিন্তপুর, নুরুল্লা, পৈন্দা হরিপুর, পঃ হরিপুর, কলাইয়া, কাটাইর চক, নারকিলা, উলুতুলু, শাখাইতি, দাড়ারগাঁত্ত, মাগুরা, মন্তাইল, এরালিয়া, তেতইয়া, চুয়াপুর, উঃ নারাইনপুর, সদরগড়, ইব্রাহীমপুর, উঃ মনমতের চর, সৈয়দপুর, নারায়নতলা, উঃ কান্দিগাঁত্ত, চিনাউরা, জামলাবাজ, মৈসাদলং, দুলাই, ঘাসিগাঁত্ত, বিরামপুর, বল্লবপুর, পঃ চানপুর, বনগাঁও সুলেমানপুর, উঃ মুরাদপুর, সুন্দাউরা, সুলেমানপুর চক, দঃ নৈগাং, উঃ নৈগাং, হাসাউরা, সুলেমানপুর তুলা, হরিনাপাটি, রঙ্গারচর, পিরিজপুর, ব্রাক্ষণগাঁও, মনোহরপুর, গোদারগাঁও, দাদারগাঁও, কাইমতর, মাইজবাড়ী, সরই, নিজগাঁও, বদিপুর, আহমদপুর, ষোলঘর, ঝাওয়ারচর, কেজাউরা, সুলতানপুর, মোহনমুকুন্দ, রছুলপুর, খাইরঘাট, জানিগাঁও, বাদে, কমরপুর, পঃ শ্রীনাথপুর, উঃ আলমপুর, কৈড়ী, পঃ নুরপুর, দঃ আলমপুরচক, পঃ হরিপুর, পঃ শ্রীনাথপুর চক, উঃ জায়ফরপুর, মীরপুর, কমরপুর, উঃ ফতেপুর, তেঘরিয়া, উঃ মল্লিকপুর, জলিলপুর, শ্রীপুর, হবতপুর, বারঘর শরিষপাড়া, যুগিরগাঁও ও কাঠইড়।
	শাল্লা	৬৮	মির্জাপুর, নিজগাঁও, নিয়াকতপুর, রাহুতলা, বড়গাঁও, ইরারাবাদ, কাশিপুর, বাঘমারা, শরিফপুর, দাউদপুর, আনন্দপুর, ভাটিমামুদনগর, পুটকা, আটগাঁও, সমপুর, খলাগাঁও পোড়ারপাড়, প্রতাপপুর, লক্ষ্মীপাশা, পাচবর্মা, রুপশা, সোদানখলা, বাটগাঁও, পিরোজপুর, মোসাপুর, মেদা, গুজিয়ারগাঁও, ডোমরা, কান্দখলা, গুঙ্গীয়ারচক, মোক্তারপুর সুলতানপুর, নিয়ামতপুর, জয়পুর, চাকুয়া, কাশীপুর, হাবিবপুর, নোয়াগাঁও, পুটকা, কলাপাড়া, জাতগাঁও, ব্রাক্ষণগাঁও, নারকিলা, ছত্রিশ, মশাকূলী, শরেশপুর, বিলপুর, দত্তপাড়া, আগুয়াই পশ্চিম নিয়ামতপুর, নারায়নপুর, কান্দিগাঁও, ইয়ারাবাধ, কেরুহালা, আদিত্যপুর, গোহায়ানী, ইসলামপুর, গোবিন্দপুর, রোয়া, নোওয়াগাঁও, ছব্বিশা, সহদেবপুর, মনোয়া, শ্রীহাইল, মোমেনপুর, হুসেনপুর, বেড়ামহনা ও শাল্লা।
	দিরাই	১৫২	পুরনদরপুর, দুর্লভপুর, আলীপুর, বলনপুর, সোনাতলা, কুরী হাসনাবাদ, হাসনাবাদ, রামজীবনপুর, সুজনপুর, নোয়াগাঁও, সুনামপুর, পশ্চিম আনোয়ারপুর, আদমপুর, খাগাউরা, ইসলামপুর, দয়াদুপনী, ভাটিপাড়া, উরধনপুর, ইজ্জতপুর, বারঘর, আদমপুর, কুটিরগাঁও, পঃ সুজনপুর, মাছিমপুর, রফিনগর, সুজাপুর, সদানন্দপুর, মানিকদই, গড়খাই, পশ্চিম দৌলতপুর, আলীপুর বাদে, চর হাবিবপুর, নয়ারচব, হাসিমপুর, জবানিকা, চিতালিয়া, মুরাদপুর, ভোলানগর, মাহতাবপুর, চিরিয়াপুর, হাউরিয়া হারানপুর, চরণারচর চক২, কামালপুর, চরণার চর, কামালপুর চক ১, রনারচর, রাজানগর, ভরাগাঁও, উমেদনগর, ফাতেমানগর, মির্জাপুর, কদমতলী, জকিনগর, জটিচর, অনন্তপুর, জানপুর, মেঘনা, গচিয়া, কাইমা, পঃ আনোয়ারপুর, মথুরাপুর, উত্তর

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
			কামালপুর, দত্তগ্রাম, পানাগাঁও, সুতারগাঁও, কেজাউরা, শরিফপুর, শামগাঁও, বেওয়াগাঁও, কর্ণগাঁও, উত্তর নাগের, কাজুয়া, সকিতপুর, বাঙাগালগাঁও, সেকামপুর, সুজানগর, মজলিসপুর, শূকুরনগর, সরমঙ্গল, নাচনী, বাউসি, কালিড্রাম, বালাউট, আছরম, ধল বাদে, রণভূমি, ভাঙ্গা ডর, ভাঙ্গা ডর চক, ডাইয়ার গাঁও, রাজাবাদ, রাধানগর, দাউদপুর, দৌওজ, দিরাই, বুরহামপুর, করিমপুর, চানপুর, মাটিয়াপুর, শ্রীনারায়ণপুর, হলিমপুর, উত্তর ধিতপুর, নগদিপুর, দৌলতপুর, হোসেনপুর, কামরিবীজ, নূরপুর, ঘরংপাশা, রাজনাও, সিংহনাদ, জগদল, নারায়ণ কুড়ি, কামরি, আটপারিয়া, রায়বাঙ্গালী, মিঠাপুর, টংগর, চক চিলাটং, টেলিটর, চানপুরাইয়া, গর্মা, মাতারগাঁও, বড়কাপন, কালিকপুর, উজিরপুর, কালডহর, তারল, বাগুয়া, সদরকুনা, দঃ নাগেরগাঁও, রামপুর, জামালপুর, ধলবাদে, শালিয়ারগাঁও, বকশিয়ার কাট, পিতাম্বরপুর, বারইল ব্রক্ষণবন্দ, তারাপাশা, জালিয়া, নাচনী, হাতিয়া, বরইতর, কুলঞ্জ, তেতুইয়া, সুয়াতিঘর, গলিশাল, ধীতপুর, বাউসী ছোট, বাউসী বড়, ধাইপুর ও বাইটগাঁও।
	জামালগঞ্জ	৯৩	সুন্দরপুর, বরেন্দ্রপুর, উলুকান্দি, বাজগাঁও, বুয়ালা, হরিণাকান্দি, যতীন্দ্রপুর, পশ্চিম আলীপুর, রাধানগর, ইনাতনগর, রহিমাপুর, বেহেলী চক, কুমারিয়া, হরিনগর, বেহেলী, মশালঘাট, রাজেন্দ্রপুর, পুটিয়া, হরিপুর, উমেদপুর, আহসানপুর, হেরাকান্দি, আহমদপুর, হিজলা, মহালিয়া, সহদেবপুর, দূর্গাপুর, গোলামীপুর, শাহপুর, উজ্জলপুর, উত্তর কামলাবাজ, বড় ঘাগটিয়া, ছোট ঘাগটিয়া, নোয়াগাও, বিছনা, মীর্জাপুর, মলিন নগর, লতিফপুর, উজিরপুর, কলকতা খাঁ, বাখরখলা, হায়াতপুর, মল্লিকপুর, দঃ লক্ষ্মীপুর, শাম্মীপুর, দঃ লালপুর, শেরপুর, দক্ষিণ জামালপুর, দঃ রামপুর, যশমন্তপুর, কন্দবপুর, কুরি, হাসনাবাজ, নিধিপুর, কাশীপুর, কামারগাঁও, হটামারা, শরিফপুর, রফিনগর, খুজারগাঁও, মাতারগাঁও, দঃ দৌলতপুর, গঙ্গাধরপুর, ছয়হারা, ইনাতনগর, সোনারগাঁও, কামলাবাজ, সাচনা, রামপুর, জামাল ঘর, তেলিয়া জামালপুর, কেওয়ালী কোনা, বাগবাড়ী চক, লক্ষীপুর, চানপুর, সংবাদপুর, হরিহরপুর, পূর্ব চানপুর, দক্ষিণ ফরিদপুর, সেরমস্তপুর, তকীপুর, নজতপুর, কুকরী পশী, পলক, দঃ ফতেপুর, পঃ নুরপুর, দূর্লভপুর, দামুদারপুর, রাঙ্গামাটি, উত্তর লালপুর, হরিপুর, সুজাতপুর ও রুপাবলী।
	দক্ষিণ সুনামগঞ্জ	১৩১	দঃ শ্রীনাথপুর, অক্ষয়নগর, ফেটারগাঁও, শ্রীনাথপুর, দেখারহাওর, দঃ আলমপুর, পঃ নুরপুর, পঃ রামেশ্বরপুর চক, দঃ রামেশ্বরপুর চক, দঃ জায়ফরপুর, পঃ রামেশ্বরপুর, জায়ফরপুর, মধ্য রামেশ্বরপুর চক, গোধর, ঝাওয়া, মির্জাপুর, জামলাবাজ, উঃ বগারকাড়া, ডুংরিয়া, হাসকুড়ি, হানুয়া, জয়কলস, কামরুপ দলং, পঞ্চাশ হাল, চেচারকোনা, রনসী কিত্তে কাড়ারাই, দঃ মধ্য কামরুপ দলং, সিখাম, রনসী, চিকারকান্দি, আলমপুর চক, পিটাপই চক, বড়কাপন, আহম্মদপুর, মনবেগ, নোয়াগাঁও উঃ বাউসি চক, চুরখাই, দামোদরটুপী, আলমপুর চক, পিটাপই, গনিপুর, লক্ষণসোম, বশিরপুর, ঘোরাডুমুর, দঃ রামপুর, সিতাহরন, ধরাধরপুর, সিতাহরন চক, গোলগাঁও, ছয়হাড়া, দঃ শক্রমদন চক, মৌগাঁও, দঃ আলমপুর চক, গোসাইনপুর, দুর্গাপাশা, সিচনী, ডাবর, বাদে কৈবতন, ভৈষগাঁও, শক্রমদন, দত্তবন্দ, বীরগাঁও চক, ব্রাক্ষণগাঁও, উঃ হাসকুড়ি চক,উঃ শক্রমদন চক,দঃ সুলেমানপুর, পাইকাপন, হাসামপুর, মছুয়াখাই, পঃ বাউসী, ইছাপশিং,দঃ ফতেপুর, সুড়িখাই, দঃ বাউসী চক, শ্রীরামপুর গগণশ্রী, ইছানৌসা,পঃ বাউসী, শ্রীরামপুর, কচুয়ারগাঁও, ইসলামপুর, কাদিপুর, দঃ বাউসী, সরিপপুর, যুগিরগাঁও, চৌকা, আমরিয়া, রুরুমপুর, বীরকলস, আলুজিনাই, কিশোরপই, আলুজিনাই, কিশোরপই, পঃ রামেশ্বরপুর, দঃ কুতুবপুর, কাটালিয়া, থলেরবন্দ, উকাড়গাঁও, জীবদারা, নগর, দঃ হরিপুর, তেরহাল, ইমামনগর, গনিপুর, সৈয়াবাদ, তেহকিয়া, দঃ গবিন্দপুর, দঃ নারাইনপুর, দঃ মল্লিকপুর, মথুরাপুরচক, দঃ মুরাদপুর, ডোলকুতুবপুর, পাথরিয়া, দঃ বগাড়কাড়, শ্রীনাথপুর, জয়সিন্দি বসিয়া খাউরি, বড়মোহ, জাহানপুর, আহম্মদাবাজ, কাষ্ট চাপড়া,বীরগাঁও, কড়েরগাঁও, আসমুড়া, ধলমৈসা কড়ের গাঁও,মধ্য হাসকুড়ি চক, দঃ হাসকুড়িচক, দঃ কান্দগাঁও, মৌখাল, ঠাকুরভোগ, টাইলা ও দুর্গাপুর।

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
	বিশ্বম্ভরপুর	৫৮	কাচিরগাতি, মাঝাইর, গাজিরগাঁও, কোটিপাড়া, মুক্তিখলা, রনবিদ্যা, ধরেরপাড়, মাসুদ আলী, সিমছা, রতারগাঁও, উত্তর রামপুর, শাসপুর, পুরান শানপুর, ছাতারকোনা, মেরুয়াখলা, পুরানগাঁও, নারায়নপুর, ইকর হাটিয়া, বুতাজ, দঃ ঘাগরা, ছত্রিশ, বিন্নাকুলি চক, বাঘমারা, শাহাপুর, আমরিয়া, মনবেগ, ওমরপুর, বাগমারা, আঙ্গারুলী সনার হাওর, উত্তর ক্ষিদিরপুর, বসন্তপুর, বাগুয়া, উত্তর শাহাপুর, রঙ্গারচর চক, আলমা ডহর, পূর্ব আলীপুর, রঙ্গারচর, লখা, নয়া বারুঙ্কা, উত্তর দৌলতপুর, পিরিজপুর, অনন্তপুর, দুলবারচর, তাহিরপুর, শ্যামারকান্দি, ভবানিপুর, উত্তর ফতেপুর, পশ্চিম চানপুর, শালমারা, কচুখালী, উমেদপুর, চান্দবাড়ী, মশালঘাট, রাজন্দ্রপুর, জাঙ্গাল, ব্রাম্মনপাড়া, লামশ্রম ও বিন্নাকুলা।
	দোয়ারাবাজার	১৬১	থাবলী, বাঁমতলা, পুরান বাঁমতলা, রাঙ্গাউটি, কলাউরা, ঢালিয়া, রামেশ্বপুর, বামেরবন্দ, কুশিউড়া, কিরণপাড়া, বরইউড়ি, উস্তিঙ্গের গাঁও, রাউলগাঁও, পাইলেছড়া, বাগমারা, বিগারগাঁও, ধরমপুর, ঘরুয়া, দলাইরগাঁও, সালিহা, কুরুরগাঁও, সালিহা নামা, লাস্তাবুরগাঁও, দ্বারগাঁও, রালউরা, চাটুরপাড়া, খুরমারগাঁও, ফুলকার গাঁও, চারওয়াদ্দারী, রহিমাপুর, জোয়াহি গাঁও, চংবীর, কেগলাজুর, পাইকপাড়া, আগন বারের গাঁও, মুকিগাঁও, কন্তরগাঁও, গুটারগাঁও, তিওর, তেরাপুর, হাতিগাঁও, জাহাঙ্গীরগাঁও, সিবধারপাড়া, ঘিলাতলা, শ্যামারগাঁও, আমপুর, শ্রীপুর, নাছিমপুর, পরমেশ্বরীপুর, নৈনগাঁও, বাজিতপুর, আজমপুর, আলমপুর, কামারগাঁও, ডোমবান্দা, পুটিপশী, বাজারগাঁও, মান্নারগাঁও, ধনপুর, সাউদেরগাঁও, গোপালপুর, বদরপুর, পঃ রামপুর, হরিপুরন, পদুয়ারবিল, ঢোপশী, বাগবের, চন্ডিপুর, মুকন্দপুর, নিশ্চিন্তপুর, মান্দরী, বাগেরহাড়ী, কেয়ারবিল, বিরচঙ্গেরগাঁও, ডুমরুয়া, গোপীনগর, মরাকান্ঠ গঙ্গা, রজদাড়া উত্তর, রাজাদাড়া দক্ষিণ, ডাউকের কাড়া, ডুকরুয়া, চেংগাইয়া, সুবল, রাধানগর কৃষ্ণনগর, হকিয়ার বাজার, পিপড়াখালী, বিয়াসবন, নলুয়া, ষাইটনদী, কড়ালী, মেন্দা, ধুপাখাই, ধরমপুর, ধমপুর কিত্তা, জগন্নাথপুর, পানাইল, জীবনপুর, রঘুরাম, ভবানীপুর, জঙ্গলশী কিত্ত, পরানপুর, গংগলপুর কিত্তা, রামনাথ, হরিপুর, কাঞ্চনপুর, রাজপুর, রাজপুর কিসমত, শিবপুর, মেন্ডারগাঁও, দউলিবন, শেরপেরী, বড় কাপন, আদুয়া পশ্চিম, পাটন কাপন, কদমতলী, আংগাং, নিয়ামতপুর, উনগাম, পাড়ারপুর, উয়যাম, রূপরাম, হিরানাথ, তেরাবিল, মোবারক, গুরেনকি, বাদে গোয়েশপুর, বেরী, চৌলা, রামনগর, প্রধান কাপন, পুরাদুয়া, চৌমনি, প্রতাপপুর, বেতুর, দপগ্রাম, উত্তর সোলেমানপুর, আনোয়ারপুর, পঃ চানপুর, জিরাগাঁও, চকিরঘাট, বঞ্জারপুর, মাঠগাঁও, পেকারগাঁও, আলমখালী, কাঠালবাড়ী, বাঘমারা, বহরগাঁও, আন্দাইগাঁও, সোনাচুরা, বরাকিয়া, আন্দারইরচক, হরতকিতলা, গোবিন্দপুর, জোয়ানেরগাঁও, মোহাম্মদপুর, মহব্বতপুর, মারপশী, বালিজুরী, জিয়ানী, ভূজনা, উত্তর নুরপুর, বৈঠাখাই, সুলতানপুর, এরুয়াখাই, কেশবপুর, লক্ষনীপুর ও গুড়ীগাঁও।
	ধর্মপাশা	১৮১	আন্তারপুর, বিহেরতালী, বালাগুঞ্জি, ডুকনা, গোলাপনগর, জামালপুর, লক্ষিপুর, মহেষকলা, নয়াগাঁও, আলমপুর, বাওয়ারপাড়া, বংশীকুন্ডা, বিরশিংপাড়া, বুড়িপাটানি, চান্দালপাড়া, চানপুর, তাপতি, দঃচিনউড়া, হাটপুর, ডুলামিয়া, গুলানবার, হামিদপুর, হাটপাটান, কায়াহানি, কেশবপুর, কাংগারহাটি, মোহাম্মদ আলী পুর, মির্জাপুর, নিশ্চিন্তপুর, পালমতি, পানাকুরি, পাটকুড়া, রাজাপুর, সাহাপুর, সানুকিতা, চাতুর, শিশুয়া, তেলিগাঁও, বালাকিপুর, বলরামপুর, দিশারা, চামারদানি, ছালিমপুর, দরামপুর, দত্তপাড়া, ধুগনিিইরাবাধ, জলুয়া, কাদিরপুর, কাহালা, কামার বেগনা, কারাবাদ, কাইতকান্দা, লাউডুংগা, মাধবপুর, মাদিয়া, নোয়াগাঁও, মজলিশপুর, মোকসিদপুর, মোজাফ্ফরপুর, নন্দিপাড়া, নয়াগাঁও, পুবশাহাপুর, রামদিঘা, সাবাড়িপাড়া, সাজাদাপুর, শরিপুর, উত্তর দৌলতপুর, উত্তর নয়াগাঁও, আনোয়ারপুর, বৈঠাখালী, গলাইখালি, গুলা, এনাতনগর, জগদিসপুর, জালালপুর,জামালপুর, জমসেরপুর,কান্দাপাড়, কলুমা, কৌরাজান, মাছিমপুর, মধ্যনগর, মাসকান্দা, নারীজুরা, নিয়ামতপুর, নওয়াগাও, পশ্চিমশাহাপুর, শাহপুরচক, সম্পদপুর, আচপুরচক, আলীপুর, বালিয়া, বালিজুরী, বড়ইহাটি, বড়কোদ্দারপুর, ভৌলাম, বিকাজুরা, ভাটাগাও, কুরশীবাড়ী, লেনগুর, নওদার, নিজামপুর, পাইকুরাটি, উত্তররাজাপুর, মাসকান্দা, শহরতলী, সনই, ধোবালা

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
			(বিরচক), আহমেদপুর, বাজারপাট-২, বতাকপুর, বীর,কুলুর, গাভি, হাবিবপুর, কলাপাড়া, কাদিরচর, বাধপাড়া, নয়াপাড়া, মাইজবাড়ী, মাটিকাটা, মির্জাপুর, সৈয়দপুর, সলব, সরিহাম, শিংপুর, বামুনেরবাড়ী, আত্তাপাড়া, বাজারপাট-১, দক্ষিন নওয়াগাও, বেলুয়াবাড, ধর্মপাশা, দুধবাহার, দুর্গাকান্দা, কেশবপুর, লংকাপাথারিয়া, মাহেদিপুর, নিউহারি, সোনাদানা, বাদেহরিপুর, বাঘাউছা, বীজিতপুর, বাকরপুর, বেনারসিপুর, বাড়াই, ভাটিনাজারপুর, মহেশপুর, চানপুর, হরিপুর, জয়শ্রী, নাজিরপুর, সরস্বতিপুর, ছাদিপুর, তেলীকোনা, গিবাইল, বাগবাড়ী, বাবুপুর, ইসলামপুর, ঝারকোনা, কিশমতপুর, সোবাহার, নয়াগাও, নুরপুর, পাতারিয়াকান্দা, প্রতাবপুর, সারিকান্দা ও সুখাইর নিজ, বিনোদপুর, দক্ষিণ দৌলতপুর, বুলুয়া, মোহাম্মদ নগর, মুক্তারপুর, রাজাপুর, মিলনপুর ও তাহিরপুর।
	ছাতক	৩১১	পারাপুঞ্জি, বাহাদুরপুর, নিজগাঁও, সৈদাবাদ, ইসলামপুর, গোয়ালগাঁও, গণেশপুর, ফকির টিলা, রাজগাঁও, রাজারগাঁও, সারপিন নগর, নোয়ারাই টেংগার গাঁও, বাতিরকান্দ, পটিভাগ, ভাজন মহল, কেশবপুর, সিট ভাজন মহল, কাড়াইলগাঁও, লক্ষিবাউর, হাওর চাকুয়া, মির্জাপুর, চানপুর, রাজেন্দ্রপুর, রাবন বিলের উওর, কচুয়া নদীর উওর, বানাউট, সুড়িগাঁও, কপাল, আতারগাঁও, কুটুরী, মনিয়ার সের, কামারাংগী, বালাউট, চড় বাড়ুকা, গরুচুরা, সেরপিড়ি, বল্লবপুর, চৌকাবিল, রনমংগল, চারচির, বাউসি, ধুপনীখলা, হাসারুন, রাজপুর, চরচৌকি, উওর রনসি, টেটিয়ারচর, চুনারুয়া, চর হোসেনপুর, বিহাই, লক্ষিপাশা, জমির খাই, কাশিতগঞ্জ, কাজাউরা, মান্দারগাঁও, কেশবপুর, আন্দারী, নানশ্রী, গাবুরগাঁও, রুক্কা, গদার মহল, মাধবপুর, মনিকহারা কল্লিকপুর, রাতগাঁও, মানসি নগর, ব্রাক্ষণগাঁও, গনকখাই, বকিরপার, কুমনা, বাগবাড়ী, মন্ডলীভোগ, তাতিকোনা, কামারগাঁও, নানশ্রী, তিররাই, বিল্লাই, মধ্য মাধবপুর, নিজগাঁও, পারকুল চক, শংকরপুর বুবরাপুর, আরতানপুর, আজিধরপুর, সিকান্দরপুর, পইলানপুর, কঠালপুর, বাগমারা, কচরা, উজিরপুর, নুরুল্লাপুর, বেহেরাজপুর, তামলি, পালপুর, নোয়াগাঁও, ব্রাক্ষণগাঁও, দঃ ব্রাক্ষণগাঁও, পঃ চানপুর, চাকলপাড়, সিংগুয়া, পঃ রামপুর,কালিদাস পাড়া, সেরপুর, লক্ষিপুর, বুরামপুর, তকিপুর, রুহিতপুর, দুগাপুর, বুড়াইব গাঁও, হামিদাপুর, হায়াতপুর, খারাই, কাটুমারা, কৃষ্ণপুর, পশ্চিম চানপুর, আট কিয়রী, মামদপুর, গন্ধবপুর, জামুরাইন, রায় সন্তোষপুর, ঝাওয়া, আকুপুর, কাজিহাত, মৈসব, নানশ্রী, মৈসাপাহা, পশ্চিম নানশ্রী, নাদামপুর, সেওতের পাড়া, জুলিয়ারগাঁও, সৈদের গাঁও, রুস্তমপুর, পারবতীপুর, আলমপুর, ঘিলাচড়া, মোল্লাহাতা, সরমামলা, কশ বরাই, নয়াগাঁও, পীরপুর, দয়াবাই, কাঠালপুর, সৈদারপাড়া চক, মল্লিকপুর, ভূইগাঁও, কুশ প্রতাব, তরতর, জুলগাঁও, মদন, জুলগাঁও, পরানপুর, মদনচক, ভিমকা, হাতদুলালী, রাউতপুর, পশ্চিম পরানপুর, পশ্চিম চৌকাচক, হরিশ্বরণ, পঃ চৌকা চক, হলদীউরা, পঃ পরানপুর, চৌকা, চৌকা বাদে, দত্তকিদ্রা, পরশপুর, বাউর, চেচান, ধনপুর, দক্ষিণ রনসী, পশ্চিম নানশ্রী, চক হোসেনপুর, নবাইরচর, দিবাকরদে, কৈতকদিগর, দক্ষিণ রাজনপুর, চর হোসেনপুর, জালাবাদ, শাখাইতি, কৈতক, দক্ষিণ সাউদের গাঁও, অনন্ত ভৈরব, চএশ, হাবিদপুর, ক্ষিদ্রাকাপন, জাউয়া, লক্ষণ সোম, পাইগাঁও, সুলতানপুর, টারচৌকা, দেরগাঁও, কুড়িবিল কিত্তা, বাদেশ্বরী গাঁও, জুলহাকিত্তা, দেওকাপন, কাস্হকোনা, খারাই, দক্ষিন হরিপুর, দেওয়ারগাঁও চক, সাদারাই, রামনগর, ঝামাক, জালিয়া, দাদগাঁও, গাগলাজুর, নারায়নপুর, শক্তিয়ারগাঁও, গয়াসপুর, গোপালপুর উত্তর, শ্রীমতপুর, মাহমদপুর বড়, মাহমদপুর, হায়দার পুর, জমসেরপুর, জিয়াপুর, হাসামপুর, হরিপুর, সিংচাপুরান, মহদি, শরিসাপাড়া, কালেশ্বরী, কাওয়ালী, সেওতের পাড়া, ঝগজাপ, কুমারকান্দি, সাতগাঁও, সেনামপুর, গহরপুর, দুজাপুর, পঃ জগঝাপ, পীরপুর, লামাহাইল, ঝিগলিয়া বাদে, কন্দল পাড়া, মায়েরকুল, কিত্তেশাসন, ডিমকা, শুক্র বন্দ, কুম্বায়ন, মনিপুর, খাগাউড়া, মধ্যরামপুর, নমশাকপুর, মুক্তারপুর, বাহুবলী, লক্ষিপাশা, জটি, মমাদ, মব্বতপুর, খুরমা, রাউসী, দক্ষিণ রুস্তমপুর, কলিয়ানপুর, হাতফাতেমা, উওর লাকেশ্বর, বড়গোপী, মুক্তার বাদে, বারীগাঁও, খলাগাঁও,বিনন্দ্রপুর, বারানসীপুর, রাধানগর ভূগলী, খিদ্রিপুর, বারীগাঁও,কালাবন, ব্রাক্ষণ জুলিয়া, সদরপুর, লাকেশ্বর, চিছরাউলী, চক ইছবপুর শাসকচক,কহল্লা শসক,খলাগাঁওচক, লক্ষিপুর, ইনাম, শরিসপুর, কুশি, জামজাটপুর, মইনপুর, উওর কুশি, দঃকুশি, জিগলী, সঞ্জবপুর,

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
			জহিরপুর, মন্ডলপুর, কাংলাজান, ইসাকপুর, ইসাকপুর বাদে, লেপা,বিষারদপুর, কাবিলপুরভবানন্দ, কঞ্চনপুর, সমসপুর, শ্রীকরপুর, বরাটিকা, মসকাপুর, সিংগার কাছ, রুকনতাজ, কুশিচক, জাহিদপুর, নরসিংপুর, ভানুপথ, দক্ষিণ খঞ্চনপুর, বুরাইয়া, উওর খঞ্জনপুর, খাগাটা ও কৃষ্ণপুর।
	জগন্নাথপুর	২৬২	চর হাতিয়া, কামারখাল, গলাখালা, শ্রীধরপাশা, চক জামীরপুর, রতনপুর, নলুয়া নোয়াগাঁও,পশ্চিম জগদীশপুর, মইশা খাল বাদে, কাদিপুর, সাদীপুর, কাপুরপুর, বানীগাঁও, পাড়ারগাঁও, কল্যাণপুর, নিধিরপুর, মোল্লাগাঁও, কলকলিয়া, পিগলবাগ উওর, বাদে খালিশ, চুনুয়া খাই, বড় মোহাম্মদপুর, মোয়ারগাঁও, ডংপুর, জাবিক্ষণা, কাঞ্চনপুর, পশ্চিম ফরিদপুর, ডাগরকান্দি, কালিকান্দি, মজিদপুর, গড়গাঁও, শেরপুর, হিজলী, নদমপুর, বাশপতিপুর, সুপার মহাম্মদপুর, মমিনপুর, আলিয়াবাদ, জগন্নাথপুর, করিমপুর, কিসমত, বাগজুর, জগন্নাথপুর বাড়ী, হবিবপুর, ডরদপুর, হবিহরিপুর, শ্রীরামপুর, শ্রীনিধীপুর, শাসন, শছাইনী, পরমেশ্বরপুর, চানপুর, নন্দীরগাঁও, হামিদপুর, ইসহাকপুর, প্রভাকরপুর, গণেশপুর, রামোশ্বরপুর, চানপুর চক, দিগারপুর, পাঠলাইরচক, পঃ ফরিদপুর, মিনাজপুর, একাডরা, সুলেপুর, পঃ জগদীশপুর, সাহাপুর, ঐহারজাই, ছুট, ঐশারদী, কুশকারুক্ষাপুর, ইনাতপুর, ইছাকপুর, পাটলী, জঙ্গালগাঁও, মকরুমপুর, শাসনহবি, ঐহাজগদা, বাউর কাপন, পাইলবাগ, আদুয়া, লোহারগাঁও, গোয়ালপুর, সমটি, কামিনীপুর, ঘড়িখঞ্জনপুর, মইজ পুর, মোহাম্মদপুর সেরা, শ্রকরপুর বাদে, আধুয়া চক, বড়কাপন, গড়গড়িয়া, লহড়ী, আটগাঁও, সমপুর, হাছনফাতেমাপুর, আমারতৈল, নাছিরপুর, মীরপুর, কিট্রাদরী, শ্রীরামশী, রাজানগর, মশাজান, নবীনগর, শ্রীকৃষ্ণপুর, হালিমপুর, রত্না, চরা, শংকরপুর, আশারকান্দী, জয় হরিপুর, তাজপুর, মীরপুর সিরাই, কালিয়া, কাঠাল খাইর, পাইকপাড়া, শহীদনগর, মীরকাটন, ছেলনী, তিলক, মণিহারা, চারিয়া, মাছিমপুর , কামারগাঁও, সিরাজপুর, চিতুলিয়া, ফতেপুর কিসমত, করিমপুর, জালালাবাদ, চন্ডি হেদায়েতপুর, সৈয়দপুর, সাহার পাড়া, মধ্য মিরপুর, নারায়ণপুর, আউদত্ত, বুধরাইল, কটকা, সুন্দ্রকিত্যা, নোয়গাঁও, আহমদাবাদ, সোনাতলাচক ২য় খন্ড, কুড়িহাল, সনাতনপুর, পঃ ব্রাক্ষণগাঁও, সনাতনপুর চক ১ম খন্ড, কুড়িহাল চক ২য় খন্ড, দঃ মিরপুর, পেচি শেওরা, দুপেরকান্দি, উলূচান্দ, সাতহাল দোস্তী, উলুকান্দি, গয়নাকান্দি, কবিরশাল, গছিখাই, ইছগাঁও, ধর্মানন্দী, গাজীরকুল, বুরুমপুর, মুরাদাবাদ, রোকনপুর, দুস্তপুর, তেঘরিয়া, গোয়ালগাঁও, একা কামলক্ষ্মী, টিয়ার গাঁও, বাদাউরা, ঘুষগাঁও, ইকরছই, ভবানীপুর চক, সমধল চক, যাত্রাপাশা চক, পারুয়া, ভবানীপুর, যাত্রাপাশা, হলদিপুর, রসুলপুর, আলমপুর, বেতাউকা, বেরী, কৈচাপুরী, বাসুদেব স্বরণ, স্বজনশ্রী, প্রাছিমাইল, প্রাণদেব কাপন, ইছমাইল চক, ডেকুর, সনদল, গোলাপাড়া পুঞ্জি, চিলাউড়া, অনন্ত গোলাম আলীপুর, অপসাধু, ব্রাক্ষণ গাঁও, পশ্চিম ব্রাক্ষণ গাঁও, নারিকেলতলা, ত্রৈলক্ষ্যনাথপুর, কুবাজপুর, কাদিমপুর, ছত্রিশ রবিদাস, সুবারুক কুহা, গন্দর্ভপুর, বাগময়না, টৈকৈহা, মহিষাকোনা, খাগাউরা, গোপরাপুর, শালদিঘা, গোয়াসপুর, বালিশ্রী, রুপশাহা, নেগারকান্দি, মমিনা, হেলালপুর, কামারাখাই, দত্তভৈকর, গুদগাঁও, পাইলগাঁও, খানপুর, ওলইতলী, সাতা, দ্বৈতরী, সাধু সাধক, সারিকাইত, ঐয়ারদাস মুজাহিদপুর, কিশোরপুর, চকরী, রমাপতিপুর, দন্তরী, গ্রাম রসুলপুর, বড় শেওড়া, মুরাদপুর, মাকরকোনা, আলীপুর, কাতিয়া, এতবারপুর, বড়পেচি, সুট লম্বরপুর, শম্ভুপুর, মিলি, কালম্ভরপুর, বড়বাঘ, আমীনপুর, ছোরতনপুর, আটালিয়া, ছোট শেওড়া, পাঠকুরা, হরিঘোষ, মন্ডলীভোগ, রৌডর, মিঠাবরং, জামারগাঁও, দাশরাই চক, জয়দা, মিঠাবরং চক, বাগাটেকি, শাসন যশদা, দঃ শ্রীনিধিপুর, ঐয়ারকোনা, দাশরাই ও দিঘলবাক দক্ষিণ।
	তাহিরপুর	১০৮	রংগারচরা, চারাগাও,বালাগাও, বালিয়াঘাটা, তেলিগাও, কামালপুর, কামালপুর চক, মাটিয়ান হাওর, ধলইগাও, শ্রীপুর উত্তর, বড়চরা, তরঙ্গা, শিবরামপুর, মন্ডলা, বালিয়াগাও, দুধের আলতা, পুটিমারা, তালই, রাজাবাজ, শ্রীপুরচক, লকা, মহিয়াজুরি, উত্তর তাহিরপুর, জগদ্বীশপুর, মৈন্দাহাতা, বোয়ালমারা ও মাছিমপুর, লামাগাও, পাটাবুকা, মানিক খিলা, জানজাইল, কটিপাড়া, মাহমুদপুর, দুমাল, ভবানিপুর, মোয়াজ্জেমপুর, সানন্দপুর, খলখলিয়ারচর, নিয়ামতপুর, টাকাটুকিয়া, রসুলপুর,

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
			খালিশাজুরি, নালিয়ারবন্দ, গাংকান্দা, লেদারবন্দ, পুরানোখালাস, হাফানিয়া, জামালবাদ, জামালগড়, খালিশাজুড়ি, চতুরভুজপুর, খামারকান্দি, সোনাতলা, সদরখোলা, হলহলিয়া, মালশীগোফ, সরন্ডা, ভিটপৈলানপুর, পুঃ বড়খাড়া, চিকারকান্দি, শান্তিপুর, রাজাই, দিগলবাক, উত্তর পুরানঘাট, পঃব ড়খাড়া, বদরপুর, সরন্ডারচক, দঃ পুরানঘাট, ব্রাক্ষনগাঁও, আলীপুর, পৈলানপুর, মালসী, পৈলানপুর চক, যশপ্রতাপ, লোহার হাওর, গকুলপাড়া, নোওয়াগাও, উত্তর ঘাঘড়া, কুনহাট, সোহালা, চলিয়ারঘাট, পূর্ব দৈল, পুরানগাও, ইছবপুর, নূরপুর, লামাপাড়া, মোল্লাপাড়া, শনির হাওর, পৈন্ডব, রামজীবনপুর, নিশ্চিন্তপুর, জগজীবনপুর, শ্রীপুর, তাহিরপুর, নূরপুর, সোলেমানপুর, লতিফপুর, রতনশ্রী, মাধবপুর, ফাজিলপুর, হোসেনপুর, তিওরজালাল, পুরানবারুঙ্কা, বরখলা, মেনজারগাও, লোহাচুড়া, আনোয়ারপুর ও বালিজুরি।
মোট	**১১**	**১৬২৯**	

১.৩.৩ জনসংখ্যা

সুনামগঞ্জ জেলার মোট জনসংখ্যা ২৪,৬৭,৯৭৮ এর মধ্যে পুরুষ ১২,৪৬,০৬৬ জন এবং মহিলা ১২,৩১,৯০২ জন।

উপজেলা/ইউনিয়ন নং	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
সুনামগঞ্জ সদর	১৩৯৫৬১	১৩৯৪৫৮	১১৮৩০৮	১৯৫৩২	৩০২৬	২৭৯০২৯	৪৯৫৫৭	১৬২৪৭৮
শাল্লা	৫৭৩১৬	৫৬৪২৭	৪৬৮৩২	৯৫৮৫	১৩৬৭	১১৩৭৪৩	২০২৯৯	৭০৯০৬
দিরাই	১২২৬৩৬	১২১০৫৪	৯৮৭৯৪	১৫১০৮	৩০১৪	২৪৩৬৯০	৪৫০৪০	১৫১৫৭১
জামালগঞ্জ	৮৪৬১২	৮২৬৪৮	৭১৪২০	১২১৩০	১৮৭২	১৬৭২৬০	২৯৯৩৫	৯৯৫৪৭
দক্ষিণ সুনামগঞ্জ	৯০৯৯৭	৯২৮৮৪	৭৯৬২০	১৩৭৯১	২১৬৫	১৮৩৮৮১	৩২০৩৩	১০৮৪৬৪
বিশ্বম্ভরপুর	৭৮১৭৫	৭৮২০৬	৭১৭৭৯	১১১৩৮	১৩৫৭	১৫৬৩৮১	২৯৩৩৬	৮৪৫৩৩
দোয়ারাবাজার	১২২২৪০	১১৬২২০	১০২১২১	১৬৯০৬	২৭৪৩	২২৮৪৬০	৪২৬৯৩	১২৯৬১৫
ধর্মপাশা	১১২০৯৮	১১১১০৪	৯৩৩৫৬	১৭৮৬৯	৩৪৬৩	২২৩২০২	৪৩৯১৮	১৩৬২২০
ছাতক	১৯৭৯৫২	১৯৯৬৯০	১৬৭৪০৭	২৭৮৩৪	৪৫৯৬	৩৯৭৬৪২	৬৬৭২৪	২২২২৬২
জগন্নাথপুর	১২৯৯২৪	১২৯৫৬৬	১৯৫০৯৩	১৮৯৪২	৩২৫১	২৫৯৪৯০	৪২৮৬৬	১৪৯৫৭৫
তাহিরপুর	১১০৫৫৫	১০৪৬৪৫	৯৯২০৭	১৪০৮৪	২৫১৭	২১৫২০০	৩৭৯৩১	১১৫১৭৯
মোট	**১২৪৬০৬৬**	**১২৩১৯০২**	**১১৪৩৯৩৭**	**১৭৬৯১৯**	**২৯৩৭১**	**২৪৬৭৯৭৮**	**৪৪০৩৩২**	**১৪৩০৩৫০**

উৎসঃ জনসংখ্যা জরীপ, ২০১১, জেলা সমাজসেবা অধিদপ্তর, জেলা নির্বাচন কমিশন অফিস, সুনামগঞ্জ,

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোরসংক্ষিপ্ত ভাবে বর্ননাথাকতে হবে

১.৪.১ অবকাঠামো

বাঁধ

সুনামগঞ্জ জেলায় মোট ১৩৭৩.১০ কিলোমিটার বাঁধ রয়েছে। বাঁধগুলোর গড় উচ্চতা আর এল (রিডিউস লেভেল) ৫.৫ থেকে ৬ মিটার। প্রতিবছর বর্ষায় বাঁধগুলো কমবেশী ক্ষতিগ্রস্ত হয়। এজন্য প্রতিবছরই বাঁধগুলো সংস্কারের প্রয়োজন পড়ে। সুনামগঞ্জ জেলার বাঁধের তালিকা সংযুক্তি-১৭ এ যুক্ত করা হল। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

স্লুইচ গেট

সুনামগঞ্জ জেলার ৩৭ টি হাওরে মোট ৫৪ টি স্লুইচ গেট রয়েছে। এর মধ্যে ৩১ টি সচল এবং ২৩ টি অকেজো রয়েছে। সুনামগঞ্জ জেলার স্লুইচ গেট এর তালিকা সংযুক্তি-১৮ এ যুক্ত করা হল। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

ব্রীজ

সুনামগঞ্জ জেলায় মোট ১৫২ টি ব্রীজ রয়েছে। এর মধ্যে সড়ক ও জনপদ এর আওতাধীন ৮৯ টি এবং এলজিইডি-এর আওতাধীন ৬৩ টি ব্রীজ রয়েছে। সবগুলো ব্রীজই সচল রয়েছে। **উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ, সুনামগঞ্জ এবং এলজিইডি, সুনামগঞ্জ।**

কালভার্ট

সুনামগঞ্জ জেলায় মোট ২৩৩৮ টি কালভার্ট রয়েছে। এর মধ্যে সড়ক ও জনপদ এর আওতাধীন ৫৪ টি এবং এলজিইডি-এর আওতাধীন ২২৮৪ টি কালভার্ট রয়েছে। এগুলোর মধ্যে ২২৬২ টি সচল এবং ৭৬ টি অকেজো রয়েছে। **উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ, সুনামগঞ্জ এবং এলজিইডি, সুনামগঞ্জ।**

রাস্তা

সুনামগঞ্জ জেলায় মোট ৪০৩৩.৪৫ কি.মি. রাস্তা রয়েছে। এর মধ্যে ১২৬২.২৩ কি.মি. পাকা রাস্তা ও ২৭৭১.২২ কি.মি. কাঁচা রাস্তা রাস্তাগুলোর গড় উচ্চতা ৫ ফুট। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, জেলায় মোট ৪০৩৩.৪৫ কি.মি. রাস্তার মধ্যে ১৪১২ কি.মি. রাস্তা বন্যা ঝুঁকিমুক্ত। **উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ, সুনামগঞ্জ এবং এলজিইডি, সুনামগঞ্জ।**

সেচ ব্যবস্থা

সুনামগঞ্জ জেলায় ৮ টি গভীর নলকূপ রয়েছে যার সবগুলোই বিদ্যুৎচালিত। এ জেলায় মোট ৩,০১৫ টি অগভীর নলকূপ বা শ্যালো মেশিন রয়েছে। এর মধ্যে ৭১ টি বিদ্যুৎচালিত এবং ২,৯৪৪ টি ডিজেলচালিত। এছাড়া, এ জেলায় মোট ১৪,১৮৬ টি Low Leap Pump (LLP) রয়েছে যার ১৪৫ টি বিদ্যুৎচালিত এবং ১৪,০৪১ টি ডিজেলচালিত। সুনামগঞ্জ জেলায় মূলতঃ কোন হস্তচালিত নলকূপ নেই। তবে কিছু ঐতিহ্যগত সেচযন্ত্র রয়েছে। এগুলো হল দোন ও সেওতি। এখানে প্রায় ৩৩,০০৮ দোন ও সেওতি রয়েছে যা দিয়ে ১৫৫০৬ হেক্টর কৃষি জমি সেচ দেয়া হয়। সুনামগঞ্জ জেলার ২,৭৬,৪৩৪ হেক্টর কৃষি জমির মধ্যে ১,৬৭,৬৩৮ হেক্টর জমি সেচের আওতায় রয়েছে। বহু কৃষি জমি এখনও সেচের আওতার বাইরে। এখানে অনেক সুযোগ রয়েছে আবার বাঁধাও রয়েছে। ধান বোনার পর প্রথম ১৫ দিন এবং ধানের শীষ আসলে ১৫ দিন ধান গাছের গোড়া পানি দিয়ে ডুবিয়ে রাখলে ফলন প্রায় দ্বিগুণ হয় এ বিষয়টি অনেক কৃষকই জানেন না। **উৎসঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (সেচ), সুনামগঞ্জ।**

হাটবাজার

সুনামগঞ্জ জেলায় মোট ১৯৬ টি হাটবাজার রয়েছে। হাটবাজারগুলো জেলার ১১ টি উপজেলায় বিদ্যমান। হাটবাজার সাধারণতঃ শনি, মঙ্গল ও বৃহস্পতিবার বসে। জেলার ১৯৬ টি হাটবাজারে মোট ১১৭৬০ টি দোকান এবং ১৯৬ টি সমিতি রয়েছে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি

সুনামগঞ্জ জেলায় বিভিন্ন ধরনের ঘরবাড়ি দেখা যায়। এর মধ্যে কাঁচা, পাকা, আধাপাকা, ছনের এবং টিনের ঘর উল্লেখযোগ্য। কাঁচাঘর সাধারণতঃ মাটি, টিন, ছন, ইকর, বাঁশ ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা হয়। পাকা ঘর তৈরি করা হয় ইট, বালি, সিমেন্ট, রড, পাথর ইত্যাদি দিয়ে। আবার আধাপাকা ঘর ইট, বালি, সিমেন্ট, রড ও টিন দিয়ে তৈরি করা হয়। এছাড়া, ছনের ঘর ছন ও ইকর বেড়া দিয়ে এবং টিনের ঘর টিন, কাঠ ও লোহা দিয়ে তৈরি করা হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সুনামগঞ্জ জেলায় মোট ৪,৪০,৩৩২ টি ঘর রয়েছে যার মধ্যে ৩,৫২,২৬৬ টি ঘর কাঁচা এবং ৮৮,০৬৬ টি ঘর পাকা। উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।

পানি

সুনামগঞ্জ জেলায় খাবার পানির উৎসগুলো হল নলকূপ, নদীনালা, খালবিল, পুকুর ইত্যাদি। এ জেলায় মোট ৪২,৩৬৮ টি নলকূপ রয়েছে। এর মধ্যে ৪১,৭৩৩ টি নলকূপ সচল ও ৬৩৫ টি নলকূপ বিকল। ৪১,৭৩৩ টি নলকূপ বন্যা লেভেলের উপরে স্থাপন করা হয়েছে। ফলে নলকূপগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সুনামগঞ্জ জেলায় ৭২% অধিবাসী নলকূপের পানি ব্যবহার করে। **উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।**

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

সুনামগঞ্জ জেলায় মোট ২,৫০,৬০১ টি স্বাস্থ্যসম্মত পায়খানা রয়েছে। এর মধ্যে ২৫,০৬০ টি স্বাস্থ্যসম্মত পায়খানা বন্যা লেভেলের উপরে স্থাপন করায় পায়খানাগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। সুনামগঞ্জ জেলার ৭৪.৫১% অধিবাসী স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করে। **উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।**

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

সুনামগঞ্জ জেলায় মোট ২৮৬২ টি সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৮৪২৪ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে মোট ৪,৯৩,৫২০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। রয়েছে। এর মধ্যে মোট ১১৫৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫০০৬ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ২৭৯২৮৯ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, জেলার মোট ২০৬ টি সরকারি ও বেসরকারি উচ্চ বিদ্যালয়ে ১৭৮৭ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ১০৭৯৯৪ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। জেলার মোট ৯৮ টি মাদ্রাসায় ১২১৫ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ৪৫৪০৪ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উল্লেখ্য যে, অত্র জেলায় মোট ২৮ টি সরকারি ও বেসরকারি কলেজ রয়েছে যেখানে ৪১৬ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ১৯৫২৩ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, জেলার মোট ১৩৭৭ টি

ব্র্যাক স্কুলে ১৩৭৭ জন শিক্ষিকার তত্ত্বাবধানে মোট ৪১৩১০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। জেলার শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংযুক্তি-১১ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক অফিস, সুনামগঞ্জ।**

ধর্মীয় প্রতিষ্ঠান

সুনামগঞ্জ জেলায় মোট ২,৭৯৫ টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ২৩৮৫ টি মসজিদ, ৪০০ টি মন্দির এবং ১০ টি গীর্জা রয়েছে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ)

সুনামগঞ্জ জেলায় মোট ৭১১ টি ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ) রয়েছে। ঈদগাহগুলো জেলার ১১ টি উপজেলায় বিদ্যমান। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

স্বাস্থ্য সেবা

সুনামগঞ্জ জেলায় ১ টি জেলা সদর হাসপাতাল, ১ টি মা ও শিশু কল্যাণকেন্দ্র, ১ টি বক্ষব্যাধি হাসপাতাল, ১ টি ডায়েবেটিক হাসপাতাল, ১ টি পল্লী স্বাস্থ্যকেন্দ্র, ৯ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ৪৩ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র, ১৯৮ টি কমিউনিটি ক্লিনিক এবং ২২ টি ইউনিয়ন সাব সেন্টার রয়েছে। জেলায় ভার্ড চক্ষু হাসপাতালসহ মোট ৩৫ টি বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র রয়েছে। জেলার এসব স্বাস্থ্যকেন্দ্রে মোট ৮৩ জন ডাক্তার ও ১২৪ জন নার্স রয়েছে। সুনামগঞ্জ জেলার স্বাস্থ্যসেবা কেন্দ্রের তালিকা সংযুক্তি-১২ এ যুক্ত করা হল। **উৎসঃ সদর হাসপাতাল, সুনামগঞ্জ।**

ব্যাংক

সুনামগঞ্জ জেলায় বিভিন্ন ব্যাংকের মোট ৭৮ টি শাখা রয়েছে। এর মধ্যে সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, পূবালী ব্যাংক, রূপালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, উত্তরা ব্যাংক, সমবায় ব্যাংক, ইসলামী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, প্রাইম ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক, সিটি ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, ব্র্যাক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক গ্রামীণ ব্যাংক ইত্যাদি উল্লেখযোগ্য। ব্যাংকগুলো এখানে কৃষিঋণ, ব্যবসা ঋণ, ক্ষুদ্রঋণ, আমানত সংগ্রহ ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

পোস্ট অফিস

সুনামগঞ্জ জেলায় মোট ১১১ টি পোস্ট অফিস রয়েছে। পোস্ট অফিসগুলো সুনামগঞ্জ জেলার ১১ টি উপজেলায় অবস্থিত। পোস্ট অফিসগুলো এখানে চিঠি ও পার্সেল আদান প্রদান, রেভিনিউ ও জুডিশিয়াল স্ট্যাম্প, পোস্টাল অর্ডার, মানি ট্রান্সফার ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র

সুনামগঞ্জ জেলায় মোট ২৮০ টি ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র রয়েছে। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো সুনামগঞ্জ জেলার ১১ টি উপজেলায় অবস্থিত। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো এখানে বিভিন্ন রকমের সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে সহায়তা করছে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

এন জি ও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
১	এফ, পি, এ, বি	ক্লিনিক বেইজ স্যাটেলাইট, এডলেমেন্ড, স্যাটেলাইট (কমউনিটি), এডুলেসেন্ড, ইনকাম জেনারেটিক (উন্নয়ন) CBBD		১৯৮৭-চলমান
২	মেরী স্টোপস	MR, মা ও শিশু সেবা প্রধান, রোগীর সেবা, প্রজনন সেবা, পরিবার পরিকল্পনা করা হয়।	৩৫০ প্রতিমাস	২০০৮ চলমান
৩	পদক্ষেপ	ঋণ বিতরণ, মানি ট্রান্সপার	৭০৪ জন	২০০৪
৪	সি, এন, আর, এস	ঋণ বিতরণ,	৯৬৯ জন	২০০৬ চলমান
৫	কেয়ার বাংলাদেশ	সৌহার্দ্য (দুর্যোগ কম্পোনেন্ট) কেয়ার জি, এস কে পি, সি, টি, এফ আই (শিক্ষা) nutrition at ceter (পুষ্টি)	৩০,০০০ জন, অনান্য-৩৫৪৭৪,/৭৯৮৬১ শিশু, ৪৩৬৬৭-	২০১০ জুন – ২০১৫ ২০১২ ডিসেঃ – ২০১৫ নভেম্বর অক্টোবর/ ১৩-২০১৫

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
			গর্ভবর্তী ৩৬০০ জন জরীফ প্রক্রিয়া	ডিসেঃ জানুঃ ২০১৪-২০১৪ ডিসেঃ
৬	এফ, আই, ভি, বি, (FIVDB)	কমিউনিটি ক্লিনিক C4D শিশু সুরক্ষা	১৪০৬৪ ৫০০০০০ ৬৭৬	২৫ এপ্রিল ২০১৩- ২৪ এপ্রিল/১৫ ১৩ মার্চ/১৪- ২৮ ফের্রু/২০১৫ ১ জুলাই/১৩ – ৩০ জুন/ ১৫
৭	ইরা	sharique – good governance L.S.P (Livebood) CBSMTHP. (Consernation) NFPE (শিক্ষা) Rural wash (স্যানিটেশন) Ecco কিশোরীদের নিয়ে আয় P.Wash in H T R (water & sanitation) Land rights child and women rightsand advocacy program LHDP (জেন্ডার) Election program CBSM THP (HST_ ERA) Lavelihad Shac (unnoti) কৃষি বিষয়ক Vegetable (OWN)	১২৯০ ৭টি ইউ/ পি দোয়ারাবাজার দঃ সুনামগঞ্জ দিরাই দিরাই টাংগার হাওড় দঃ সুনামগঞ্জ/দিরাই/ শাল্লা দিরাই	ফের্রু/১১- ফের্রু/১৪ নভে'০৭ – জুন'১৫ অক্টোবর/৮- জুন/১৫ মার্চ/১৩- নভে/১৬ মার্চ/২০০৭- ডিসে/১৪ ডিসে/১১-নভে/১৪ ফের্রু /৭ চলমান জুলাই/১২ –ডিসে/১৩ ফের্রু/১৩- মার্চ/১৪ জুলাই/ ১৩- মার্চ/১৪ জুলাই/১৩- জুন/১৫ জানু/১৪ organigss
৮	ব্র্যাক	স্বাস্থ্য জনসংখ্যা পুষ্টি কর্মসূচী সামাজিক ক্ষমতায়ন কর্মসূচী শিক্ষা কর্মসূচী ওয়াটার স্যানিটেশন হাইজিং মানব অধিকার ও সহায়ক কর্মসূচী অতি দরিদ্র কর্মসূচী দুর্যোগ পরিবেশন ও জলবায়ু কর্মসূচী সম্মিলিত উন্নায়ন কর্মসূচী মাইক্রো ফাইন্যান্স কর্মসূচী	২০১৩৭৭৮ ২০১৩৭৭৮ ২০১৩৭৭৮ ১২১৬৭৪৪৬ ২০১৩৭৭৮ ১৯৪০৫ ৫০৭৪১৩ ১০২৭৯১ ২০২৭৯১	১৯৭২ চলমান ১৯৭৫ চলমান ১৯৮৫ মার্চ/৭ – অক্টো/১৬ ১৯৭৫ চলমান ২০১০ডিসে-ডিসে/১৫ জুন/১৪- ডিসে/১৮ ২০১১ জানু/ চলমান ১৯৭২ চলমান
৯	সূর্যের হাসি ক্লিনিক	শিশু স্বাস্থ্য মানের স্বাস্থ্য পরিবার পরিকল্পনা	১৫৭৯ প্রতিমাস	
১০	গ্রামীন শক্তি	চুলা, সৌরবিদুৎ, বায়োগ্যাস		১লা অক্টোবর/২০০০ চলমান
১১	এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ	ওয়াশ ও স্যানিটেশন	১৪৪৩৫ জন	ডিসে/১১ ইং- নভে/১৪ ইং
১২	এহমান সোসাইটি	ক্ষুদ্রঋণ	৮৫২ জন	এপ্রিল/ ২০১০ হতে চলমান
১৩	স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন	ক্ষুদ্রঋণ CDP (স্বাস্থ্য ও কৃষি, জেন্ডার, মানবধিকার	১০,০০০ জন ২০,০০০ জন	১৯৯৭ সাল হতে চলমান জানু/ ৬ হতে ডিসে/২০১৬ পর্যন্ত
১৪	ডাসকো	Sustinable sotution	২,৮৬,০০০	মার্চ/ ১৩ইং- ডিসে/১৫ই

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
		for the delivery of safe drinking water (SDSD) project হাইজিন / জেন্ডার/ দুর্যোগ		
১৫	বিডি, এস, সি	ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচি	২১৫২০০ জন	জুলাই/ ০৭ –জন/ ১৫ ই পযন্ত
১৬	সিলেট সমাজ কল্যাণ সংস্থা	মা ও শিশু স্বাস্থ্য সেবা	২১৬৩ জন	২০০৭ ইং হতে চলমান
১৭	আশা	ক্ষুদ্রঋণ	১৬০০ জন	১৯৯৭ ইং হতে চলমান
১৮	ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ	শিশু শ্রম	৩৫০০ জন	অক্টো/১৩- স্পেট/১৬ ইং
১৯	চি, এম, এস, এস	সৌর বিদ্যুৎ	৬০০ জন	মার্চ/২০১১ ইং হতে চলমান
২০	ইসলামিক রিলিফ	স্পন্সরশীপ হ্যানডিকেপ্ড দুর্যোগ কর্মসূচি	৫১৩ জন ১০০ জন ৭২০ জন	২০০২ হতে চলমান জুলাই /১৩ ইং হতে ডিসে/১৪ই জানু/ ১৩ইং – জানু/ ১৬ ইং
২১	কারিতাস	শিক্ষা কার্যক্রম	১৮৩৪ জন	নভে/১১ ইং- নবে/১৭ইং
২২	গ্রামীন ব্যাংক	ক্ষুদ্রঋণ	৪৬৭৩ জন	ফেরু/১৯৮৯ হতে চলমান
২৩	প্রতিভা বিকাশ	স্যানিটেশন /নারীর ক্ষমতায়ন / গ্রামীন অবকাঠামো উন্নয়ন		২০০৫ ইং হতে চলমান
২৪	সুজন	হাওর রক্ষা বাধঁ সচেতনতায় সভা সেমিনার করা		২০০৪ ইং হতে চলমান
২৫	পাতা কুঁড়ি	সৌর বিদ্যুৎ	৫৩৬ জন	জুলাই / ১৩ ইং
২৬	পদ্মা	জীবন যাত্রার উন্নয়নের নিরপত্তা প্রদান স্যানিটেশন ও ওয়াশ গর্ভবতী মা ও শিশু নিয়ে	৬০০ পরিবার ১৪০০ পরিবার ৪০০ পরিবার	অক্টো /২০০৭ – জুন/ ১৪ ইং জানু/ ২০০৯ – ডিসে/২০১৫ ইং জানু/ ২০১৪ ইং – ডিসে /১৪ ইং
২৭	আর, ডি, এইচ, সি, এফ	মা ও শিশু স্বাস্থ্য	৩০০ জন	১৯৭৭ ইং হতে চলমান
২৮	দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র	সিবিও গঠন প্রশিক্ষন ব্যবস্থা করা	২৮২৭ জন	জানু /১৩ – ডিসে / ২০১৬
২৯	গ্রীড	শিক্ষা কার্যক্রম গ্রামীন জীবন যাত্রার মান উন্নয়ন জন্য	৩৮৫ জন ৪২০ জন	জানু/ ১২ ইং- ডিসে / ১৬ ইং জানু / ১২ ইং- ডিসে/ ১৪ ইং
৩০	উপমা	জীবনযাত্রার মান উন্নয়ন জন্য শিক্ষা কার্যক্রম	৬০০ জন ৪৮০ জন	নভে/২০০৭ হতে চলমান জানু/ ০৯ – ডিসে / ১৬ ইং
৩১	গ্রামীন উন্নায়ন সংস্থা	কম্পিউটার প্রশিক্ষন ব্যবস্থা করা	৮০ জন	২০১১ সাল হতে চলমান
৩২	প্রিপ ট্রাষ্ট	নারীর ক্ষমতায়ন	৪৮ জন	ডিসে / ১১ ইং ডিসে /১৫ইং
৩৩	পল্লী প্রগতি সংসদ	সেলাই প্রশিক্ষণ	১২ জন	জানু / ১৪ ইং – জানু / ১৫ ইং
৩৪	কেসি চাইল্ড	শিক্ষা কার্যক্রম	১৪৮ জন	জানু/০২ ইং হতে চলমান
৩৫	সিলেট যুব একাডেমী	এইচ, আই, ভি, এইডস সম্পর্কে সচেতনতা	২৮৫ জন	জুন/ ০৮ ইং – নভে/ ১৫ ইং
৩৬	জেসিস	জীবিকায়ণ ও খাদ্য নিরাপত্তা নারীর ক্ষমতায়ণ	৬০০ জন ৬২৫ জন	জানু ০৭ হতে – জুন / ১৫ ইং

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
				মার্চ / ১৩ ইং হতে চলমান
৩৭	Voluntary Association for Rural Development (VARD)	Social Intervention towards Sustainable Development (SISD) কিশোরী ক্ষমতায়ন/IGA	১৫৪৫০ জন	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত
		Community Managed Disaster Risk Reduction (CMDRR) Phase-II Project লক্ষিত জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ	১১৬০২৪ জন	জানুয়ারি, ২০০৯ হতে জুলাই, ২০১৫ পর্যন্ত
		Promoting Sustainable Agriculture Practices to Strengthen Food Security of the poor and Marginalized Through Accessing Rights (PSAP-SFS-PMTAR) Project (LRP-43) জীবিকায়ন ও খাদ্য অধিকার, ভূমি অধিকার, সুশাসন, নারী ক্ষমতায়ন, দুর্যোগ, শিক্ষা	৫০০০ জন	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত
		Non Formal Primary Education (NFPE) উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচী	৪৮০ জন	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত
		Reaching Out of School Children (ROSC) Project শিক্ষা কর্মসূচী (আনন্দ স্কুল)	১৬০৮ ছাত্রছাত্রী	এপ্রিল, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত
		Vulnerable Group Development (VGD) ভিজিডি কার্ডধারী মহিলাদের সঞ্চয় ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ প্রদান	৩১৫২ জন	জানু,২০১৩ থেকে চলমান
		ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্মসুচী কীট নাশক যুক্ত খানা (LLIN/ITN) ফলোআপ, রক্ত,কাঁচ পরীক্ষা, RDT পরীক্ষা, উঠান বৈঠক, খানা পরিদর্শন	৬৮১২৭ টি পরিবার	২০০৭ ইং থেকে চলমান
		Improved Cook	১০০৫ টি	জানু,২০১৪ থেকে

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
		Stove (ICS) Project উন্নত চুলা সম্প্রসারণ	পরিবার	চলমান
		Economic & Social Empowerment of Extreme Poor (ESEP)	৭৫০০ টি অতিদরিদ্র পরিবার	নভেম্বর ২০১১ হতে চলমান
		নিবিড় চক্ষু সেবা প্রকল্প (সিইএসপি)	৭৪৩৯ জন	জানু,২০১৩ থেকে চলমান
		Strengthening the Rural Health Service at Grass Root Level of Bangladesh (SRHS-GRLB)	৩৫১১৫ জন	মার্চ, ২০১৪ হতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত

খেলার মাঠ

সুনামগঞ্জ জেলায় মোট ১৩০ টি খেলার মাঠ রয়েছে। খেলার মাঠগুলো সুনামগঞ্জ জেলার ১১ টি উপজেলায় অবস্থিত। । এর মধ্যে ৩৭ টি খেলার মাঠ বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় এগুলো কাজে লাগে। ঐ সময় মাঠে মানুষ ও পশু সম্পদ আশ্রয় নিতে পারে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

কবরস্থান / শ্মশানঘাট

সুনামগঞ্জ জেলায় মোট ১২২৮ টি কবরস্থান ও ২৪৭ টি শ্মশানঘাট রয়েছে। এগুলো সুনামগঞ্জ জেলার ১১ টি উপজেলায় অবস্থিত। অধিকাংশ কবরস্থান বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা সহজ হয়। অপরপক্ষে, বেশিরভাগ শ্মশানঘাট বন্যা লেভেলের নীচে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা কষ্টকর হয়। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।**

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

জেলার সাথে যোগাযোগের মাধ্যম হল বাস, মিনিবাস, সিএনজি, লেগুনা, মোটর সাইকেল, ট্রাক, পিকআপ, লঞ্চ, নৌকা ও ইঞ্জিনচালিত নৌকা। স্থানীয় জনগণ বাস, মিনিবাস, সিএনজি, লেগুনা, মোটর সাইকেল, লঞ্চ, নৌকা ও ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে যাতায়াত করে থাকে। এছাড়া, ট্রাক, পিকআপ, লঞ্চ, ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে মালামাল একস্থান থেকে অন্যস্থানে নিয়ে থাকে। সুনামগঞ্জ জেলায় ৩০ টি বাস, ২১৫ টি মিনিবাস, ৩১৫ টি সিএনজি, ৬৪৫ টি লেগুনা, ৩২০০ টি মোটর সাইকেল, ৬০ টি ট্রাক, ১১০ টি পিকআপ, ৮ টি লঞ্চ, ২২৬৩ টি নৌকা ও ২৭৫ টি ইঞ্জিনচালিত নৌকা রয়েছে। **উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।,**

বন ও বনায়ন

সুনামগঞ্জ জেলায় মোট ৩০ টি ২০০০ হেক্টর এলাকা জুড়ে বনাঞ্চল রয়েছে। এছাড়া, ১৫০ কিলোমিটার সরকারি রাস্তার পাশে স্ট্রিপ গার্ডেনিং অর্থাৎ বনাঞ্চল রয়েছে । এ বনাঞ্চলে মেহগনি, কড়ই, কদম, আকাশমণি, রেইনট্রি, চাকারাশি, হিজল, করচ, মোর্তা, বেত, জারুল ইত্যাদি গাছ রয়েছে। বেসরকারি সংস্থা জামালগঞ্জ উপজেলায় সিএনআরএস হিজল আর করচের ৭.৭৫ একর জমিতে ৮ টি বনাঞ্চল গড়ে তুলেছে। এছাড়া, অত্র জেলার জনগণ বাড়ির চারপাশে নিজ উদ্যোগে বনায়ন করে থাকে। **উৎসঃ ফরেস্ট রেঞ্জার, সুনামগঞ্জ।**

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

সুনামগঞ্জ জেলার বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমাণ প্রায় একই রকম। এই অঞ্চলের বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ৪০৫৫ মিলি মিটার। প্রায় সারা বছর জুড়েই বৃষ্টিপাত হয়। মে থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত বৃষ্টিপাত বেশি হয়। তবে শীতকালে বৃষ্টিপাত খুবই কম হয়। এ জেলায় গড় বৃষ্টিপাতের পরিমাণ সাধারণতঃ গ্রীষ্মকালে ১৫৩০ মিলি মিটার, বর্ষাকালে ২৮০০ মিলি মিটার এবং শীতকালে ৬৭০ মিলি মিটার বৃষ্টিপাত হয়। এ জেলায় বর্তমানে বৃষ্টিপাতের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। বৃষ্টিপাতের এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি হচ্ছে এবং উৎপাদনও কম হচ্ছে। সেইসাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। এতে মানুষের জীবন-জীবিকার উপর নেতিবাচক প্রভব পড়ছে। **উৎসঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।**

তাপমাত্রা

সুনামগঞ্জ জেলায় গ্রীষ্মকালের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেন্টিগ্রেড এবং সর্বনিম্ন তাপমাত্রা ৩০ ডিগ্রি সেন্টিগ্রেড এবং শীতকালের সর্বোচ্চ তাপমাত্রা ১৫ ডিগ্রি সেন্টিগ্রেড এবং সর্বনিম্ন তাপমাত্রা ১০ ডিগ্রি সেন্টিগ্রেড। বর্তমানে জেলার তাপমাত্রার পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ তাপমাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এলাকাবাসীর অভিজ্ঞতা থেকে জানা যায় যে, তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে ৭-৮ বছর তাপমাত্রা এত বেশি বৃদ্ধি পেয়েছে যে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হচ্ছে। তাপমাত্রা বৃদ্ধির ফলে কৃষি চাষ পদ্ধতি হুমকির মুখে। এরকম পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যতে ঝুঁকি আরো বাড়বে। **উৎসঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।**

ভূ-গর্ভস্থ পানির স্তর

সুনামগঞ্জ জেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর বর্তমানে ৩৫০ ফুট থেকে ৪০০ ফুট নীচে। জেলায় ভূ-গর্ভস্থ পানির স্তরের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ ভূ-গর্ভস্থ পানির স্তর দিন দিন নীচে নেমে যাচ্ছে। পূর্বে এ জেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর ছিল ১৫০ ফুট থেকে ২৫০ ফুট নীচে। শুষ্ক মৌসুমে ভূ-গর্ভস্থ পানির স্তর নীচে নেমে যাওয়ার করণে অত্র এলাকায় খাবার ও সেচের পানির সংকট দেখা দেয়। **উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।**

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার

সুনামগঞ্জ জেলায় মোট ৩৭৪৮৭৭ হেক্টর জমি রয়েছে। তন্মধ্যে আবাদি জমির পরিমাণ ২৭৬৪৩৪ হেক্টর এবং অনাবাদি জমির পরিমাণ ২১২৭২ হেক্টর। আবাদি জমির মধ্যে এক ফসলী জমির পরিমাণ ১৬৮৭০৩ হেক্টর, দু'ফসলী জমির পরিমাণ ৭২৪৫৯ হেক্টর এবং তিন ফসলী জমির পরিমাণ ১৪০০০ হেক্টর। এছাড়া, বসতি এলাকার মোট জমির পরিমাণ ৩৭৩৪৩ হেক্টর। **উৎসঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।**

কৃষি ও খাদ্য

সুনামগঞ্জ জেলার প্রধান ফসলগুলো হলঃ ধান (বোরো, আউশ ও আমন), গোলআলু, শাকসব্জি, গম, মরিচ, সরিষা, বাদাম ইত্যাদি। জেলার আবাদকৃত ফসলী জমি ও উৎপাদন পরিসংখ্যান (মার্চ, ২০১৪) নিম্নরূপঃ

ক্র/নং	ফসলের নাম	ফসলী জমি (হেক্টরে)	উৎপাদন (মে. টনে)	মন্তব্য
	বোরো	২০০৩৩৭	৩,৩৫,৭৫৭ (চাউল)	
	আমন	৭৮০১৫	১,৯৬,৪৮১ (চাউল)	
	আউশ	৫৬০০	১৩,৪০৬ (চাউল)	
	শীতকালীন সব্জি	৭৮০০	১৪৩৯৮৬	
	গম	৭৭০	১১৭৫	
	ভূট্টা	২২	৮৮	
	আলু	১৩২৫	২৩৮৫০	
	সরিষা	১৫২২	১৯০৩	
	চিনাবাদাম	১০৯৭	২১৯৪	
	ইক্ষু	১৩০	৬০৬৫	
	মসুর	৮	১০	
	ছোলা	৭	৬	
	মুগ	১০	৮	
	মাসকলাই	৩০৬	৩৮৪	

ক্র/নং	ফসলের নাম	ফসলী জমি (হেক্টরে)	উৎপাদন (মে. টনে)	মন্তব্য
	খেসারি	৪	৫	
	মটর	৭	৭	
	মরিচ	৮২৭	১৩৮১	
	পেয়াজ	১৫১	৯৯৫	
	রসুন	৯৭	৪৮৫	
	আদা	৬৫	২৬৬	
	হলুদ	৭৫	৪৪৩	
	ধনিয়া	৪৬০	৬৫৮	

